কালের কণ্ঠ

তারিখ 22 DEC 2015
পৃষ্ঠা ... কলাম ...

# তানোরে শিক্ষকদের নিয়ে এমপির 'নির্বাচনী সভা'

কালের কণ্ঠ ডেস্ক ▷

আসন্ন পৌরসভা নির্বাচনে সংসদ সদস্য, মন্ত্রীসহ সরকারি সুবিধাভোগীরা যাতে আচরণবিধি লঙ্ঘন করতে না পারেন, সেটা দেখার জন্য একজন নির্বাচন কমিশনার প্রধানমন্ত্রীর প্রতি অনুরোধ জানানোর পরদিনই এক সংসদ সদস্য শিক্ষকদের ডেকে আওয়ামী লীগের প্রার্থীদের পক্ষে নিজ নিজ এলাকায় কথা বলার জন্য 'নির্দেশ' দিয়েছেন।

রাজশাহীর তানোর ও মুণ্ডুমালার সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে গতকাল সোমবার দুপুরে মতবিনিময়ের নামে এ নির্বাচনী সভা করেছেন রাজশাহী-১ (তানোর-গোদাগাড়ী) আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি ওমর ফারুক চৌধুরী। সভায় উপস্থিত শিক্ষকদের বেশির ভাগই আগামী ৩০ ডিসেম্বর অনুষ্ঠেয় তানোর ও মুণ্ডুমালা পৌরসভা নির্বাচনে সহকারী প্রিসাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন বলে নিশ্চিত হওয়া গেছে। সভার জন্য উপজেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানও বন্ধ ঘোষণা করা হয়।

উল্লেখ্য, গত রবিবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নির্বাচন কমিশনার মো. শাহনেওয়াজ বলেছেন, 'সরকারদলীয়রা আইনশৃঙ্খলা ও আচরণবিধি লঙ্ঘন করছেন প্রতিদিন–এমন বহু অভিযোগ পাওয়া যাচ্ছে। যাঁরা সরকারের বিভিন্ন পর্যায়ে আছেন এবং নির্বাচিত, তাঁরা আরো

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১
ছবি ▶ পৃষ্ঠা ২